

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ সেপ্টেম্বর ২০২১খ্রি.

পয়ঃনিষ্কাশন সক্রান্ত কর্মশালায় মেয়র
চট্টগ্রামের উন্নয়নে সংশ্লিষ্ট সেবা সংস্থাকে
বাস্তবমুখী পদক্ষেপ নিতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, কোনরকম অবকাঠামোগত উন্নয়ন ও সংস্কার দিয়ে পয়ঃনিষ্কাশন সম্ভব নয়। এক্ষেত্রে সেবাটাই গুরুত্বপূর্ণ। পয়ঃনিষ্কাশন ব্যবস্থা সম্পূর্ণভাবে বাস্তবায়ন করতে গেলে সকল সেবামূলক প্রতিষ্ঠানগুলোর মধ্যে সম্মিলিত চিন্তা-চেতনার প্রতিফলন ঘটতে হবে। ২০৩০ সালের মধ্যে পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনার যে পরিকল্পনা হাতে নেয়া হয়েছে তা বাস্তবায়নের ক্ষেত্রে চসিকের কি কি সহায়তা প্রয়োজন তা আগে ভাগে ধারণা দিতে হবে।

আজ বৃহস্পতিবার টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনের সম্মেলন কক্ষে WSUP (Water & Sanitation for the Urban Poor) কর্তৃক আয়োজিত “Sharing Citywide FSM Action Plan of Chattogram City Corporation and the Way forward” বিষয়ক “Workshop”-এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি একথা বলেন। চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আইটি এন বুয়েটের অধ্যাপক ড. তানভীর আহমেদ, ড. মো. আশরাফ আলী, চসিক প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মো. শহীদুল আলম প্রমুখ।

মেয়র আরো বলেন, শুধুমাত্র কর্ম-পরিকল্পনা করে কোন কিছু বাস্তবায়ন সম্ভব হয় না। এক্ষেত্রে সকলের সহযোগিতা ও নাগরিক সচেতনতা প্রয়োজনকে গুরুত্ব দিতে হয়। নগরীর যে অবকাঠামোগত অবস্থা আছে এবং সে অবস্থাকে বিবেচনায় নিয়ে পরিকল্পনাগুলোকে সাজাতে হবে। তা করতে পারলে প্রকল্প বাস্তবায়নে ভোগান্তির আশঙ্কা থাকে না। তিনি পাহাড়, নদী, সাগরবেষ্টিত প্রাকৃতিক সৌন্দর্যকে সুরক্ষা করে চট্টগ্রামের উন্নয়ন সম্পর্কিত সংস্থাগুলোকে বাস্তবমুখী কর্মপরিকল্পনা প্রনয়ণের আহ্বান জানান।

চসিকের দ্রাম্যমাণ আদালত
জনসাধারণের চলাচলের বিঘ্ন সৃষ্টি করায়
৫০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীর চাঁদগাও থানধীন কামাল বাজার ও কাজীরহাট এলাকার আরকান রোডে মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানে নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নেতৃত্বে সড়কের ফুটপাথ ও রাস্তার অংশ দখল করে ব্যবসা করায় এবং জনসাধারণের চলাচলে বিঘ্ন সৃষ্টির দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা করা হয়। একই দিনে অপর অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসর নেতৃত্বে মেহেদীবাগ রোডে ফুটপাথ ও রাস্তার উপর অবৈধভাবে নির্মাণ সামগ্রীর রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩